

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯।। ৩৯তম বর্ষ ৩৩১তম সংখ্যা।। ৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ।। ২২ রজব ১৪৪৬ হিজরি।। Thursday 23 January 2025।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে হিম উৎসব ও কাওয়ালী সন্ধ্যা-২০২৫ উদ্বোধন করছেন চসিক মেয়র ডা. শাহাদাত হোসেন

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে হিম উৎসবে সিটি মেয়র শিক্ষা আমাদের মৌলিক অধিকার

সিটি মেয়র ও প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজ চেয়ারম্যান ডা. শাহাদাত হোসেন বলেছেন, শিক্ষাই জাতির মেরুদণ্ড। শিক্ষার জন্য যাবতীয় শ্রম ও খরচ অর্থবহ। শিক্ষা আমাদের মৌলিক অধিকার। শিক্ষায় সুশিক্ষিত সমাজ একদিন জাতিকে পথ দেখাবে, আলোকবর্তিকা হিসেবে কাজ করবে জাতির জন্য। প্রিমিয়ার ইউনিভার্সিটির সিএসই বিভাগ, আইন বিভাগ, অর্থনীতি বিভাগ ও ইইই বিভাগের যৌথ উদ্যোগে আয়োজিত হিম উৎসব ও কাওয়ালী সন্ধ্যা-২০২৫ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ডা. শাহাদাত হোসেন উপরোক্ত কথা বলেন। গতকাল (২২ জানুয়ারি) বুধবার, আয়োজিত অনুষ্ঠানে তিনি আরো বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটিকে একটা ভালো জায়গায় স্থাপন করা হবে। এই লক্ষ্যে আমরা কাজ করছি। সিএসই বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবালের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির। বিশেষ অতিথি ছিলেন আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী ও ইইই বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক। সিএসই বিভাগের শিক্ষার্থী রাকিবুল হক, ইইই বিভাগের শিক্ষার্থী প্রাচুর্য দেবী ও আইন বিভাগের শিক্ষার্থী ফজল আল মাহমুদ অয়নের সম্মেলনায় অনুষ্ঠানে প্রধান বক্তার বক্তব্য রাখেন রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির। সভাপতির বক্তব্যে প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবাল প্রিমিয়ার ইউনিভার্সিটির উন্নয়ন ও গবেষণার অগ্রগতিতে মেয়র ডা. শাহাদাত হোসেনের সার্বিক সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানে প্রায় অর্ধশত স্টল ছিল। স্টলগুলোতে বহু রকমের পিঠা ও খাবারের প্রদর্শনী ছিল। কোনো কোনো স্টলে পিঠা ও খাবারের পাশাপাশি প্রসাধনী ও গহনা প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিএসই বিভাগ, আইন বিভাগ, অর্থনীতি বিভাগ ও ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা।-বিজ্ঞপ্তি



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে হিম উৎসব ও কাওয়ালি সন্ধ্যার উদ্বোধন করেন সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন

প্রিমিয়ারে হিম উৎসব ও কাওয়ালি সন্ধ্যায় মেয়র শিক্ষার জন্য যাবতীয় শ্রম ও খরচ অর্থবহ

সিটি মেয়র ও প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ডা. শাহাদাত হোসেন বলেছেন, শিক্ষাই জাতির মেরুদণ্ড। শিক্ষার জন্য যাবতীয় শ্রম ও খরচ অর্থবহ। আমি যেদিন শপথ নিয়ে সিটি কর্পোরেশনে প্রথম বক্তব্য রাখলাম, সেদিন আমাকে বলা হলো, সিটি কর্পোরেশনের প্রায় ৪৫০ কোটি টাকার মতো দেনা আছে। প্রতি মাসে সিটি কর্পোরেশনের খরচ হয় প্রায় ৩২ কোটি টাকা। এর মধ্যে ৬ কোটি টাকা শুধুমাত্র শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ভর্তুকি দিতে হয়। সিটি কর্পোরেশনের মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও কলেজ মিলিয়ে প্রায় ১০০টির মতো শিক্ষা প্রতিষ্ঠান আছে। আমি তখন বলেছিলাম, শিক্ষা আমাদের মৌলিক অধিকার। আজকে আমি শিক্ষার মাধ্যমে আলোকিত সমাজ প্রতিষ্ঠা করতে পারি, আমি মনে করি না যে, সেটা আমার ভর্তুকি। এটা আমার সম্পদ। এরা একদিন জাতিকে পথ দেখাবে, আলোকবর্তিকা হিসেবে কাজ করবে জাতির জন্য।

তিনি বলেন, আমি উচ্চশিক্ষায় শিক্ষিত হয়ে আজকে ডাক্তার হয়েছি। কিন্তু আমি যদি একটা গরিব রোগীকে বিনামূল্যে চিকিৎসা করতে না পারি, তাহলে আমার সেই শিক্ষার কোন দাম থাকবে না।

মেয়র বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ল' ফ্যাকাল্টি আছে। এই ফ্যাকাল্টি থেকে অনেক আইনজীবী বেরিয়েছে। গত ১৬ বছর আইনজীবীদের সাথে আমাদের একটা অত্যন্ত মধুর সম্পর্ক গড়ে উঠেছে বিভিন্ন গায়েবি মামলার কারণে। সেই প্রেক্ষাপটে বলছি, আইনজীবী হিসেবে একটা অসহায় মানুষের পাশে যদি আমি দাঁড়াতে না পারি, সেক্ষেত্রে আমার শিক্ষার কোন দাম থাকবে না। এটাই আমি বোঝাতে চাইছি। এজন্য দরকার মোরাল এডুকেশন বা নৈতিক শিক্ষা।

প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগ, আইন বিভাগ, অর্থনীতি বিভাগ ও ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের যৌথ উদ্যোগে হিম উৎসব ও কাওয়ালি সন্ধ্যা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

গতকাল বুধবার, সকাল ১১টায় অনুষ্ঠিত এই অনুষ্ঠানে তিনি বলেন, ২০১৬ পর্যন্ত প্রিমিয়ার ইউনিভার্সিটি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অধীনেই ছিল। কিন্তু এরপর থেকে ২০২৪ সাল পর্যন্ত কোন এক ব্যক্তির > পৃষ্ঠা ৭, কলাম ৬.

শিক্ষার জন্য যাবতীয় শ্রম

● শেষ পৃষ্ঠার পর

নামে সেটা চলে যায়। এটা যাতে ভবিষ্যতে আর না হয়, এটা যাতে ভবিষ্যতে আর কেউ করতে না পারে, এজন্য প্রিমিয়ার ইউনিভার্সিটিকে একটা ভালো জায়গায় স্থাপন করা হবে। আমাদের অনেক টাকা জমা আছে। এই টাকা শুধুমাত্র প্রিমিয়ার ইউনিভার্সিটির জন্যই খরচ করা হবে।

সিএসই বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবালের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার মো. ইফতেখার মনির। বিশেষ অতিথি ছিলেন আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী ও ইইই বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক।

সিএসই বিভাগের শিক্ষার্থী রাকিবুল হক, ইইই বিভাগের শিক্ষার্থী প্রাচুর্য দেবী ও আইন বিভাগের শিক্ষার্থী ফজল আল মাহমুদ অয়নের সম্মেলনায় অনুষ্ঠানে প্রধান বক্তার বক্তব্যে রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আমরা শুধু শ্রেণিকক্ষের পাঠদানেই সীমাবদ্ধ থাকি না। সহ পাঠ্যক্রমিক কার্যক্রমও আমরা শিক্ষার্থীদের দিয়ে করাই। আজকের অনুষ্ঠান এই কার্যক্রমেরই অংশ। এভাবে প্রিমিয়ার ইউনিভার্সিটি একদিন বিশ্বমানের বিশ্ববিদ্যালয় হিসেবে দৃশ্যমান হবে।

সভাপতির বক্তব্যে প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবাল প্রিমিয়ার ইউনিভার্সিটির উন্নয়ন ও গবেষণার অগ্রগতিতে মেয়র ডা. শাহাদাত হোসেনের সার্বিক সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানে প্রায় অর্ধশত স্টল ছিল। স্টলগুলোতে বহু রকমের পিঠা ও খাবারের প্রদর্শনী ছিল। কোন কোন স্টলে পিঠা ও খাবারের পাশাপাশি প্রসাধনী ও গহনা প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগ, আইন বিভাগ, অর্থনীতি বিভাগ ও ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা। বিজ্ঞপ্তি



প্রতিটি সন্ধ্যাও প্রেক্ষমাণ

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobat.com | esuprobat.com | facebook.com/suprobat



যেসব খাতে ভ্যাট হার বাড়ানোর
সিদ্ধান্ত পরিবর্তন করল এনবিআর



সুস্থ সংস্কৃতির বিকাশে শিল্পী
জামালুদ্দীনের অবদান চিরস্মরণীয়



ইতিহাস গড়লো
টাইগ্রেসরা



পাহাড়ে কমলালেবুর উৎপাদন আশা জামানিয়া
পুলি তরকারীদের হিসেবে, চমকি বছর গার্মেন্টস জেলার ২
হাজার ১০০ একর জমিতে কমলার চাষ হচ্ছে। এসব বাসন
থেকে উৎপাদিত কমলার বাজারমুখ্য প্রায় দুই শ কোটি টাকা।

সিদ্ধান্ত • পৃষ্ঠা ২



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে হিম উৎসব ও কাওয়ালী সন্ধ্যা-২০২৫ উদ্বোধন করছেন চসিক মেয়র ড. শাহাদাত হোসেন

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মেয়র শিক্ষা আমাদের মৌলিক অধিকার

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ড. শাহাদাত হোসেন বলেছেন, শিক্ষাই জাতির মেরুদণ্ড। শিক্ষার জন্য যাবতীয় শ্রম ও খরচ অর্থবহ। শিক্ষা আমাদের মৌলিক অধিকার। আজকে আমি শিক্ষার মাধ্যমে যদি একটি আলোকিত সমাজ প্রতিষ্ঠা করতে পারি, আমি মনে করি না যে, সেটা আমার ভর্তকি। এটা আমার সম্পদ। এরা একদিন জাতিকে পথ দেখাবে, আলোকবর্তিকা হিসেবে কাজ করবে জাতির জন্য।

তিনি উল্লেখ করেছেন, আমি উচ্চশিক্ষায় শিক্ষিত হয়ে আজকে হয়তবা ডাক্তার হয়েছি। আজকে আমি একজন বিশেষজ্ঞ চিকিৎসক হয়েছি। কিন্তু আমি যদি একটা গরিব রোগীকে বিনামূল্যে চিকিৎসা করতে না পারি, তাহলে আমার সেই শিক্ষার কোনো দাম থাকবে না। প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ল' ফ্যাকাল্টি আছে। এই ফ্যাকাল্টি থেকে অনেক আইনজীবী বেরিয়েছে। গত ১৬টি বছর আইনজীবীদের সাথে আমাদের একটা অত্যন্ত মধুর সম্পর্ক গড়ে উঠেছে বিভিন্ন গায়েবি মামলার কারণে। প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগ, আইন বিভাগ, অর্থনীতি বিভাগ ও ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের যৌথ উদ্যোগে গতকাল আয়োজিত হিম উৎসব ও কাওয়ালী সন্ধ্যা-২০২৫ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ড.

শাহাদাত হোসেন এসব কথা বলেন। সিএসই বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবালের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির, বিশেষ অতিথি ছিলেন আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী ও ইইই বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক। সিএসই বিভাগের শিক্ষার্থী রাকিবুল হক, ইইই বিভাগের শিক্ষার্থী প্রাচুর্য দেবী ও আইন বিভাগের শিক্ষার্থী ফজল আল মাহমুদ অয়নের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান বক্তার বক্তব্যে রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আমরা শুধু শ্রেণিকক্ষের পাঠদানেই সীমাবদ্ধ থাকি না। সভাপতির বক্তব্যে প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবাল প্রিমিয়ার ইউনিভার্সিটির উন্নয়ন ও গবেষণার অগ্রগতিতে মেয়র ড. শাহাদাত হোসেনের সার্বিক সহযোগিতা কামনা করেন।

অনুষ্ঠানে প্রায় অর্ধশত স্টল ছিল। স্টলগুলোতে বহু রকমের পিঠা ও খাবারের প্রদর্শনী ছিল। কোনো কোনো স্টলে পিঠা ও খাবারের পাশাপাশি প্রসাধনী ও গহনা প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগ, আইন বিভাগ, অর্থনীতি বিভাগ ও ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা। বিজ্ঞপ্তি